

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বসুন্ধরা শাখা, বাসা নং- ৬, ব্লক- এ, বসুন্ধরা মেইন রোড, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা- ১২২৯

## অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব শাহ জামাল, পিতা- মৃত আওয়াল ঢালী, ঠিকানাঃ বাসা নং- ২২/এফ, এ্যাপার্টমেন্ট নং- ৫/এ, রোড নং- ১, ব্লক- ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বসুন্ধরা শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের বমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০৩.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩,৯২,৮৫,৮৮৭.৩১ (তিন কোটি বিরানব্বই লক্ষ পচাশি হাজার আটশত সাতাশি টাকা একত্রিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাজ্ঞ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। জেলাঃ ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রার অফিস বাড্ডা, ঢাকা কালেক্টরেট এর তৌজিভুক্ত জে এল নং- সি.এস ২৭১, এস.এ- ১১০, আর. এস ০৬, ঢাকা সিটি জরিপ-০৩, মৌজা- জোয়ার সাহারা, সি.এস খতিয়ান নং- ৪১৩, এস.এ খতিয়ান নং- ৭৯১ এবং ৮৬১, আর.এস খতিয়ান নং- ১০৯০, নামজারী কেইস নং- ৪৩৩৪/০৯-১০, তারিখ- ১২.০১.২০১০, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং- ৩৮১৪ এবং ১৩১৪৫, সি. এস ও এস. এ দাগ নং- ১৫৪২ এবং ১৫৪৩, আর. এস দাগ নং- ৪৮২৮, ঢাকা সিটি জরিপ দাগ নং- ৪০৬৫৮, ঢাকা সিটি কর্পোরেশন অন্সর্ভুক্ত হোল্ডিং নং- ক-৯০, প্রগতি স্মরনী, কুড়িল, বাড্ডা, ঢাকা এর ২১ শতাংশ জমির উপর নির্মিত ১২ (বারো) তলা বিশিষ্ট “উইন্ডসেল” নামীয় ভবনের ৫ম তলার (4<sup>th</sup> Floor) ৫৫০০ বর্গফুট আয়তনের ফ্লোর স্পেস, ভবনের নীচতলার ২ টি গাড়ী পার্কিং স্পেস এবং অবিভক্ত ও অচিহ্নিত ১.২২৪ শতাংশ জমি সহ ভবনের যাবতীয় কমন সুবিধাদি।

২। জেলাঃ ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রার অফিস বাড্ডা, ঢাকা কালেক্টরেট এর তৌজিভুক্ত জে এল নং- সি.এস ২৭১, এস.এ ১১০, আর. এস ০৬, ঢাকা সিটি জরিপ-০৩, মৌজা- জোয়ার সাহারা, সি.এস খতিয়ান নং- ৪১৩, এস.এ খতিয়ান নং- ৭৯১ এবং ৮৬১, আর.এস খতিয়ান নং- ১০৯০, নামজারী কেইস নং- ৪৩৩৪/০৯-১০, তারিখ- ১২.০১.২০১০, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং- ৩৮১৪ এবং ১৩১৪৫, সি. এস ও এস. এ দাগ নং- ১৫৪২ এবং ১৫৪৩, আর.এস. দাগ নং- ৪৮২৮, ঢাকা সিটি জরিপ দাগ নং- ৪০৬৫৮ ঢাকা, ঢাকা সিটি কর্পোরেশন অন্সর্ভুক্ত হোল্ডিং নং- ক-৯০, প্রগতি স্মরনী কুড়িল, বাড্ডা, ঢাকা এর ২১ শতাংশ জমির উপর নির্মিত ১২ (বারো) তলা বিশিষ্ট “উইন্ডসেল” নামীয় ভবনের ৮ম ও ৯ম (7th & 8th Floor) তলাস্থিত ১০২২ বর্গফুট বিশিষ্ট ১ টি ফ্লোর স্পেস এবং আনুপাতিক অবিভক্ত ও অচিহ্নিত জমি সহ ভবনের কমন সুবিধাদি।

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩১/০৫/২০১৭ ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বসুন্ধরা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বসুন্ধরা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বসুন্ধরা শাখা, ঢাকা